# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫৩

১/ বিবিধ

আরবী

صوموا تصحوا

ضعيف

أخرجه الطبراني في " الأوسط " (2 / 225 / 1 / 8477) وأبو نعيم في " الطب " (ق 24 / 1 و2) من طريق محمد بن سليمان بن أبي داود، أخبرنا زهير بن محمد عن سهيل بن أبي صالح عن أبيه عن أبي هريرة به، وقال الطبراني: لم يروه بهذا اللفظ إلا زهير

قلت: وهو ضعيف في رواية الشاميين عنه وهذه منها

قال الحافظ العراقي في " تخريج الإحياء " (3 / 75) رواه الطبراني في " الأوسط " وأبو نعيم في " الطب النبوي " من حديث أبي هريرة بسند ضعيف

قلت: ولا ينافيه قول المنذري في " الترغيب " (2 / 60) والهيثمي في " المجمع " (3 / 179) بعد أن نسباه للطبراني: ورجاله ثقات، لأنه لا ينفي أن يكون في السند مع ثقة رجاله علة تقتضي ضعفه، كما لا يخفى على العارف بقواعد هذا العلم، وقد كشفنا عن علته، ولعل الصغاني قد بالغ حين قال (ص 7) :

وهذا الحديث موضوع، ثم إن لفظ الحديث عندهما: " اغزوا تغنموا، وصوموا تصحوا، وسافروا تستغنوا

ورواه ابن عدي (7 / 2521) بهذا اللفظ من طريق نهشل عن الضحاك عن ابن عباس، ونهشل متروك، والضحاك لم يسمع من ابن عباس

বাংলা

২৫৩। তোমরা সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন কর সুস্থ থাকবে।

হাদীসটি দুর্বল।

এটি তাবারানী “মুজামুল আওসাত” গ্রন্থে (২/২২৫/১/৮৪৭৭) এবং আবু নু’য়াইম “আত-তিব্ব” গ্রন্থে (কাফ ২৪/১,২) মুহাম্মাদ ইবনু সুলায়মান সূত্রে যুহায়ের ইবনু মুহাম্মাদ হতে ... বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ যুহায়ের ইবনু মুহাম্মাদ ছাড়া অন্য কেউ এ বাক্যে হাদীসটি বর্ণনা করেননি ।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি যুহায়ের হতে শামীদের বর্ণনায় দুর্বল। আর এ বর্ণনাটি সে সব বর্ণনারই অন্তর্ভুক্ত।

হাফিয ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে (৩/৭৫) বলেনঃ এটি আবু হুরাইরাহ্ (রাঃ)-এর হাদীস হতে দুর্বল সনদে বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে এবং হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৩/১৭৯) উল্লেখ করে বলেছেনঃ এটির বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। এরূপ বলা প্রমাণ করে না যে, দুর্বল হতে পারে না। সাগানী একটু অগ্রণী হয়ে বলেছেনঃ এ হাদীসটি বানোয়াট।

এছাড়া ইবনু আদী যে বাক্যে হাদীসটি (৭/২৫২১) বর্ণনা করেছেন, সেটিতে নাহশাল নামক এক বর্ণনাকারী আছেন, তিনি হচ্ছেন মাতরূক এবং তার শাইখ যহহাক ইবনু আব্বাস (রাঃ) হতে শুনেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন